# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৫৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৪৯]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ১৪: ইবাদতে মধ্যমপন্থা অবলম্বন

(14) ـ باب في الاقتصاد في العبادة

আরবী

وعن أبي جحيفة وهب بن عبد الله رضي الله عنه قال: آخى النبي صلى الله عليه وسلم بين سلمان وأبى الدرداء ، فزار سلمان أبا الدرداء، فرأى أم الدرداء متبذلة فقال: ما شأنك قالت: أخوك أبو الدرداء ليس له حاجة في الدنيا، فجاء أبو الدراداء فصنع له طعاماً، فقال له: كل فإنى صائم، قال: ما أنا بآكل حتى تأكل، فأكل، فلما كان الليل ذهب أبو الدرداء يقوم فقال له: نم، فنام، ثم ذهب يقوم فقال له : نم، فلما كان من آخر الليل قال سلمان: قم الآن: فصليا جميعاً، فقال له سلمان: إن لربك عليك حقاً، وإن لنفسك عليك حقاً، ولأهلك عليك حقاً، فأعط كل ذى حق حقه، فأتى النبي صلى الله عليه وسلم فذكر ذلك له، فقال النبي صلى الله عليه وسلم "صدق سلمان" (رواه البخاري).

বাংলা

৮/১৫৩। আবূ জুহাইফা ওয়াহব ইবনু আবদুল্লাহ রাদিয়াল্লাহু ’আনহু বলেন যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (হিজরতের পর মদ্বীনায়) সালমান ও আবূ দারদার মাঝে ভ্রাতৃত্ব স্থাপন করলেন। অতঃপর সালমান (একদিন তাঁর দ্বীনী ভাই) আবূ দারদার সঙ্গে সাক্ষাৎ করতে (তাঁর বাড়ী) গেলেন। তিনি (আবূ দারদার স্ত্রী উম্মে দারদাকে দেখলেন, তিনি মলিন কাপড় পরে আছেন। সুতরাং তিনি তাঁকে বললেন, ’তোমার এ অবস্থা কেন?’ তিনি বললেন, ’তোমার ভাই আবূ দারদার দুনিয়ার কোনো প্রয়োজনই নেই।’ (ইতোমধ্যে) আবূ দারদাও এসে গেলেন এবং তিনি তাঁর জন্য খাবার তৈরী করলেন। অতঃপর তাঁকে বললেন, ’তুমি খাও। কেননা, আমি রোযা রেখেছি।’ তিনি বললেন, ’যতক্ষণ না তুমি খাবে, আমি খাব না।’ সুতরাং আবূ দারদাও (নফল রোযা ভেঙ্গে দিয়ে তাঁর সঙ্গে) খেলেন।

অতঃপর যখন রাত এল, তখন (শুরু রাতেই) আবূ দারদা নফল নামায পড়তে গেলেন। সালমান তাঁকে বললেন,

'(এখন) শুয়ে যাও।' সুতরাং তিনি শুয়ে গেলেন। কিছুক্ষণ পর আবার তিনি (বিছানা থেকে) উঠে নফল নামায পড়তে গেলেন। আবার সালমান বললেন, 'শুয়ে যাও।' অতঃপর যখন রাতের শেষাংশ এসে পৌঁছল, তখন তিনি বললেন, 'এবার উঠে নফল নামায পড়।' সুতরাং তাঁরা দু'জনে একত্রে নামায পড়লেন। অতঃপর সালমান তাঁকে বললেন, 'নিশ্চয় তোমার উপর তোমার প্রভুর অধিকার রয়েছে। তোমার প্রতি তোমার আত্মারও অধিকার আছে এবং তোমার প্রতি তোমার পরিবারেরও অধিকার রয়েছে। অতএব তুমি প্রত্যেক অধিকারীকে তার অধিকার প্রদান কর।' অতঃপর তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট এসে তাঁকে সমস্ত ঘটনা শুনালেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, ''সালমান ঠিকই বলেছে।''[1]

## English

(14) Chapter: Moderation in Worship

Abu Juhaifah (May Allah be pleased with him) reported:
The Prophet (ﷺ) made a bond of brotherhood between Salman and Abud-Darda'. Salman paid a visit to Abud-Darda' and found Umm Darda' (his wife) dressed in shabby clothes and asked her why she was in that state. She replied: "Your brother Abud-Darda' is not interested in (the luxuries of) this world. In the meantime Abud-Darda' came in and prepared a meal for Salman. Salman requested Abud-Darda' to eat (with him) but Abud-Darda' said: "I am fasting." Salman said: "I am not going to eat unless you eat." So, Abud-Darda' ate (with Salman). When it was night and (a part of the night passed), Abud-Darda' got up (to offer the night prayer) but Salman asked him to sleep and Abud-Darda' slept. After some time Abud-Darda' again got up but Salman asked him to sleep. When it was the last hours of the night, Salman asked him to get up and both of them offered (Tahajjud) prayer. Then Salman told Abud-Darda': "You owe a duty to your Rubb, you owe a duty to your body; you owe a duty to your family; so you should give to every one his due. Abud-Darda' came to the Prophet (ﷺ) and reported the whole story. Prophet (ﷺ) said, "Salman is right".

[Al- Bukhari].

## ফুটনোট

[1] সহীহুল বুখারী ১৯৬৮, ৬১৩৯, তিরমিযী ২৪১৩

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=22454

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন